

# বৃহস্পতিবার এসএসসির ফল প্রকাশ হবে, জানা যাবে যেভাবে

সংবাদ অনলাইন রিপোর্ট

: বুধবার, ০৯ জুলাই ২০২৫

চলতি বছরের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষায় অংশ নেয়া ১৯ লাখ শিক্ষার্থীর অপেক্ষার অবসান হচ্ছে বৃহস্পতিবার। বৃহস্পতিবার দুপুর ২টায় শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইটে, সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র/শিক্ষাপ্রতিষ্ঠান এবং এসএমএস এর মাধ্যমে ফল জানতে পারবেন পরীক্ষার্থী ও অভিভাবকরা।

## এসএমএসের মাধ্যমে যেভাবে মিলবে ফল

টেলিটক জানিয়েছে, যে কোনো মোবাইলে এসএমএসের মাধ্যমে ফলাফল জানতে মোবাইলের মেসেজ অপশনে গিয়ে ঝর্ণাটি লিখে স্পেস দিয়ে বোর্ডের নামের প্রথম তিনি অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে পরীক্ষার বছর লিখে তা ১৬২২২ নম্বরে পাঠাতে হবে।

## উদাহারণ: SSC Board Name (First 3 letters)RollYear

দাখিলের ফল পেতে উধ্বশয়রষ লিখে স্পেস দিয়ে গধফ লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে ২০২৫ লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে।

কারিগরি বোর্ডের ক্ষেত্রে ঝর্ণাটি লিখে স্পেস দিয়ে এওবপ লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে ২০২৫ লিখে ১৬২২২ নম্বরে পাঠালে ফিরতি এসএমএসে ফলাফল পাওয়া যাবে।

## ওয়েবসাইটে ফল মিলবে যেভাবে

শিক্ষা বোর্ডগুলোর সমন্বিত ওয়েবসাইট <http://www.educationboardresults.gov.bd> -এ এসএসসি ও সমমান পরীক্ষার ফল মিলবে।

শিক্ষা বোর্ডগুলোর মোচা আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি জানিয়েছে, ওয়েবসাইটে রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম, বছর ইনপুট দিয়ে ও শিক্ষাবোর্ড সিলেক্ট করে ‘সাবমিট’ বাটনে ক্লিক করে ফল জানা যাবে।